

স্বপ্নে দেখা চাঁদ

যুথিকা বড়ুয়া

লাইলি নয় মজনু নয়, সে এক বিরহী কুলু
নিশিরাতে স্বপ্ন দ্যাখে, তারে ডাকে পিউ ।

ঘুমের ঘোরে ঘুরে বেড়ায় স্বপ্নেরই সে এক দেশে
মাতাল প্রেমিক এসে দাঁড়ায় রাজার কুমার বেশে ।

হঠাৎ যেন উঠল চাঁদ অমাবস্যার রাতে
আনন্দে হয় আত্মহারা অতন্দ্র মায়াবী নিশীথে ।

আঁধার ঢাকা নির্জনেতে দেখা হলো দুজনায়
মুর্ছা যায় রাঙা কুলু আকাশকুসুম ভাবনায় ।

ক্ষীণ আলোয় দেখে তারে চেনা চেনা লাগে
মিষ্টি মুখের দুষ্ট হাসিই ভরায় অনুরাগে ।

হৃদয় কাঁপে ঠোঁট কাঁপে কাঁপে বুক ধুক্ ধুক্ ধুক্
উষ্ণ স্পর্শে হইল লীন দু'টি হৃদয় মন-প্রাণ আর বুক ।

রজনীগন্ধ্যা দিলো সে গুঁজে কুলুর সর্প বেণীর মাঝে
স্পর্শকাতর নয়নমণীর বক্ষ জুড়ায় অনুরাগে মজে ।

এঁকে রাখে সে ছবিখানা চোখের কাজলে
ভালোবেসে গঁথে রাখে অন্তরের অন্তরস্থলে ।

ছেয়ে আছে রাতের আকাশ ঘন কালো মেঘে,
গেল ঢেকে গ্রহ তারা চাঁদ উঠল কলুর সুখতারাটি জেগে ।

পাখনা মেলে উড়ে বেড়ায়, খুশীর মনপাখী
সাধ মিটিয়ে দেখে তারে, মিলায়ে দু'টি আঁখী ।

চুপিচুপি নিড়িবিলিতে বসে মুখোমুখি
সারারাতে মন বিনিময়, রয়ে যায় বাকী ।

গভীর রাতেই স্বপ্নে দ্যাখে সকল খেলার মায়ী,
জোঁকের মতো কাঁমড়ে ধরে ক্ষণিক সুখের ছায়া ।

হঠাৎ কুহুর ভাঙ্গল ঘুম গভীর রাতের শেষে
হারিয়ে গেল তার স্বপ্নের চাঁদ কল্পলোকের দেশে ।

টরন্ট, কানাডা

jbarua2009@yahoo.ca